গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইসিটি শাখা
প্রোগ্রামার
সহকারি মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার
সহকারি প্রোগ্রামার
অন্যান্যঃ
ডাইরী নং- ৬,০৪৫ তারিখ- ২৮-১০-২২
স্বাক্ষরঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৫
www.mohpw.gov.bd

নম্বর: ২৫.০০.০০০০.০১৮.২৭.০১৫.১৯- ৬১৬

তারিখ: ৩১ আশ্বিন ১৪২৯ / ১৬ অক্টোবর ২০২২

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকায় কর্মরত অবস্থায় নগর উন্নয়ন অধিদপ্তরের বর্তমান পরিচালক ও সিনিয়র প্ল্যানার/উপ-পরিচালক এর বিরুদ্ধে একটি পোস্ট সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে গত ১৬/০৩/২০১৯ তারিখে শেয়ার করেন। একজন সরকারি কর্মকর্তা হিসেবে আপনি 'ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮' এর ২৫(ক) ধারা ও মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারিকৃত 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৬' এর ৫(ট) (আ) লংঘন করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (ঙ) অনুযায়ী "অসদাচরণ" ও "নাশকতা" এর অভিযোগে ০১/২০২০ নম্বর বিভাগীয় মামলা দায়ের করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব সচিব মহোদয়ের বরাবর ১০/১১/২০২০ তারিখে দাখিল করেন। অত:পর, ১০/০৩/২০২১ তারিখে অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানী অন্তে জনাব অভিজিৎ রায়, উপসচিব গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। দাখিলকৃত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব শাহীন আহম্মেদ এর বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা রয়েছে মর্মে মতামত প্রদান করেছেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও নথিপত্র এবং অভিযুক্তের জবাব পর্যালোচনাক্রমে অভিযুক্ত কর্মকর্তাকে লঘুদন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর এর বিরুদ্ধে "অসদাচরণ" ও "নাশকতা" এর অভিযোগে রুজুকৃত ০১/২০২০ নম্বর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ২ (ক) অনুযায়ী লঘুদন্ড হিসেবে "তিরস্কার" দন্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৮/১০/২২

(কাজি ওয়াছি উদ্দিন)
সচিব

নম্বর: ২৫.০০.০০০০.০১৮.২৭.০১৫.১৯- ৬১৬ (১০)

তারিখ: ৩১ আশ্বিন ১৪২৯ / ১৬ অক্টোবর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০২। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো এবং প্রকাশিত ০৫(পাঁচ) কপি গেজেট নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
০৭। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি অত্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৯। জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
১০। অফিস কপি/মাস্টার ফাইল।